ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র





# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 66 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ২২২ ● কলকাতা ● ২৯ শ্রাবণ, ১৪৩২ ● শুক্রবার ● ১৫ আগস্ট ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# শুভেন্দুর বিরুদ্ধে FIR করতে চেয়ে হাই কোর্টে রাজ্য



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর! তাঁর বিরুদ্ধে এফআইআর করতে চেয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হল রাজ্য সরকার। গত ৯ আগস্ট অভয়ার বাবা-মায়ের ডাকা নবান্ন অভিযানে উপস্থিত ছিলেন বিরোধী দলনেতা। আর এরপরেই তাঁর বিরুদ্ধে এফআইআর করতে চায় রাজ্য। আজ বৃহস্পতিবার এই মর্মে নতুন করে বিচারপতি জয় সেনগুপ্তর এজলাসে দৃষ্টি আকর্ষণ করা হয় রাজ্যের তরফে। সেই ঘটনায় অর্জুন সিং ঘনিষ্ঠ এই বিজেপি নেতাকে গ্রেফতার করা হয়েছে। মিছিলে সামনের সারিতে দেখা যায় শুভেন্দু অধিকারীকেও। অভিযান থেকে কলকাতা পুলিশকে একেবারে অশ্লীল ভাষায় আক্রমণ শানান। যা নিয়ে ইতিমধ্যে বিতর্ক তৈরি হয়েছে।

এরপর ৩ পাতায়

## পর্ব 29

## হিমালয়ের সমর্পণ যোগ



আপনি কাকে বিতরণ করছেন, কে গ্রহণ করছে, কতটা গ্রহণ করছে, তিনি ঐ জ্ঞানের সদুপযোগ করবেন কিনা, গ্রহণকারী ব্যক্তি যোগ্য কিনা, এ সব দেখাও সাধকের কাজ নয় কারণ সাধক এই জ্ঞান ঐ ব্যক্তির বিকাশের জন্য দিচ্ছেন না। ঐ সাধক এই জ্ঞান অন্যদের এইজন্য দিচ্ছেন যে তিনি যতটা অধিক জ্ঞান বিতরণ করবেন, ততটা অধিক তিনি পাবেন। সাধক নিজের আধ্যাত্মিক প্রগতির জন্যই দিচ্ছেন। আর সাধক এই জ্ঞান দিয়ে সামনের ব্যক্তির উপকার করছেন না, তিনি স্বয়ং নিজের উপকার করছেন। এক বৃক্ষ প্রকৃতির সঙ্গে জুড়ে আছে।

ক্রমশঃ

## বিজ্ঞপ্তি


এতদ্বারা সকলকে জানানো হচ্ছে যে আগামী ১৫ই আগস্ট, ২০২৫ "স্বাধীনতা দিবস" উপলক্ষ্যে আমাদের সকল বিভাগ বন্ধ থাকবে, তাই ১৬ই আগস্ট, ২০২৫ আমাদের পত্রিকার কোনো প্রকাশন হবে না। আগামী ১৭ই আগস্ট, ২০২৫ তারিখে আমাদের পত্রিকা পুনরায় প্রকাশিত হবে।

সম্পাদক






# জন্মাষ্টমী উপলক্ষে শনিবার ছুটি ঘোষণা রাজ্যের, বন্ধ থাকবে স্কুল-কলেজ



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

১৫ নয়, আগামী ১৬ অগস্ট জন্মাষ্টমী উপলক্ষে ছুটি ঘোষণা করল রাজ্য সরকার। এনআই অ্যাক্টে ছুটি ঘোষণা করা হয়েছে রাজ্যের তরফে।বৃহস্পতিবার (১৪ অগস্ট) নবান্নের তরফে জারি করা এক বিজ্ঞপ্তিতে জন্মাষ্টমীর ছুটির দিন বদল করা হয়েছে। শনিবার নিয়মমাফিক সরকারি অফিস বন্ধ থাকে। কিন্তু খোলা থাকার কথা ছিল স্কুল-কলেজগুলি।

জন্মাষ্টমীর সরকারি ছুটি নিয়ে বিতর্কের আবহেই বীরভূমে প্রাথমিক শিক্ষা পর্ষদকে কার্যত অন্ধকারে রেখে বীরভূম প্রাইমারি ডিপিএসসি চেয়ারম্যান ১৬ অগস্ট জন্মাষ্টমীর ছুটি ঘোষণা করে দেন। ওই বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে, সরকারি তালিকায় ১৫ অগস্ট ছুটি থাকলেও বীরভূমের সমস্ত প্রাথমিক স্কুল জন্মাষ্টমী উপলক্ষে বন্ধ রাখা হবে ১৬ অগস্ট। সরকারি নির্দেশ এইভাবে বদলে দেওয়া যায় কিনা, তা নিয়ে শুরু হয় বিতর্ক। তবে শেষ পর্যন্ত রাজ্য সরকারের তরফে আগের সিদ্ধান্ত বদল করে ১৬ অগস্ট শনিবার জন্মাষ্টমীর ছুটি ঘোষণা করা হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, 'জন্মাষ্টমী উপলক্ষে ১৬ অগস্ট শনিবার রাজ্য সরকারের সমস্ত অফিস, স্থানীয় প্রশাসনিক অফিস, যে কোনও বোর্ড, কর্পোরেশন, জ্য সরকারের অধীনে থাকা সংস্থা ও শিক্ষা প্রতিষ্ঠানে ছুটি থাকছে।'সরকারি ছুটি ঘোষণা হওয়ায় এ বার বন্ধ থাকবে রাজ্যের সব সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিও।

পঞ্জিকা অনুযায়ী, আগামিকাল ১৫ অগস্ট (শুক্রবার) মধ্য রাতে শেষ হচ্ছে কৃষ্ণসপ্তমী। পর দিন ১৬ অগস্ট (শনিবার)সারা দিন কৃষ্ণ অষ্টমী। দেশের বিভিন্ন রাজ্যে জন্মাষ্টমীর সরকারি ছুটি দেওয়া হয়েছে ১৬ অগস্ট। কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের তরফে প্রথমে স্বাধীনতা দিবসের ছুটির সঙ্গে মিলিয়ে শুক্রবার ছুটি ঘোষণা করা হয়েছিল। শনিবার নিয়মাফিক সরকারি অফিস বন্ধ থাকায় সরকারি কর্মচারিদের খুব একটা অসুবিধায় পড়তে হচ্ছে না। কিন্তু শনিবার স্কুল-কলেজ খোলা থাকে। ফলে ক্ষোভ প্রকাশ করেছিলেন শিক্ষক-অশিক্ষক কর্মচারিরা। তারা শনিবার সরকারি ছুটি ঘোষণার দাবি জানিয়েছিলেন।

## ভারতের রাষ্ট্রপতি অমৃত উদ্যানের গ্রীষ্মকালীন বার্ষিক পর্বের উদ্বোধনে উপস্থিত ছিলেন

**নয়াদিল্লি, ১৪ অগাস্ট, ২০২৫**

ভারতের রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আজ (১৪ অগাস্ট, ২০২৫) তারিখে অমৃত উদ্যানের গ্রীষ্মকালীন বার্ষিক পর্ব ২০২৫-এর উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অমৃত উদ্যানের এই গ্রীষ্মকালীন বার্ষিক পর্বের ১৬ অগাস্ট থেকে ১৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত উদ্যানটি জনসাধারণের জন্য খোলা থাকবে। সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত উদ্যান খোলা থাকবে। উদ্যানে প্রবেশ করার শেষ সময় হল বিকেল ৫.১৫ মিনিট। রক্ষণাবেক্ষণের জন্য প্রতি সোমবার উদ্যান বন্ধ থাকবে।

প্রবেশের জন্য নিবন্ধন বাধ্যতামূলক। বিনামূল্যেই তা করা যাবে। দর্শনার্থীরা রাষ্ট্রপতি ভবনের ওয়েবসাইট https://visit.rashtrapatibhavan.gov.in/ -এ তাঁদের স্লট বুক করতে পারবেন। রাষ্ট্রপতি ভবনের ৩৫ নম্বর গেট দিয়ে এই উদ্যানে প্রবেশ করা যাবে। উদ্যানের ভিতর দর্শনার্থীরা মোবাইল ফোন, ইলেক্ট্রনিক চাবি, পার্স, হ্যান্ডব্যাগ, জলের বোতল, শিশুর দুধের বোতল এবং ছাতা নিয়ে যেতে পারবেন। এছাড়া অন্যকোনও জিনিস নিয়ে প্রবেশের অনুমতি নেই।

# স্পেন থেকে দিল্লী নামতেই গ্রেফতার

**বেবি চক্রবর্ত্তী: দিল্লী**

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে (JU) শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর উপরে হামলার ঘটনায় গ্রেফতার ওই বিশ্ববিদ্যালয়েরই প্রাক্তনী। স্পেনে বসে হামলায় উস্কানি দেওয়ার অভিযোগে গ্রেফতার করা হয়েছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন এই ছাত্রকে। অভিযুক্তের নাম হিন্দোল মজুমদার।



জানা যাচ্ছে, পুলিশের পক্ষ থেকে এর আগে একাধিকবার নোটিস দেওয়া হয়। এরপর তাঁর বিরুদ্ধে লুকআউট জারি করা হয়। গতকাল অর্থাৎ বুধবার অভিযুক্ত দিল্লি বিমানবন্দরে নামার সঙ্গে-সঙ্গে গ্রেফতার করে দিল্লি পুলিশ। বৃহস্পতিবার তাঁকে পাটিওয়ালা হাউস কোর্টে তোলা হয়। যদিও, ধৃতের মা-বাবার প্রশ্ন, তাঁদের ছেলে ইমেল করার পরও কেন পুলিশ এভাবে হেনস্থা করছে?

বস্তুত, গত ১ মার্চ তৃণমূলপন্থী কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির বার্ষিক সাধারণ সভায় যোগ দিতে এসেছিলেন ব্রাত্য বসু। অভিযোগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়ে গেলে অতি-বামপন্থী ছাত্ররা তাঁকে ঘেরাও করেন। তাঁদের দাবি, কলেজে নির্বাচন করতে হবে। পুলিশের অভিযোগ, এই হামলারই পরিকল্পনায় যুক্ত ছিলেন হিন্দোল। এই ঘটনায় গত মার্চ মাসে তিনজনকে গ্রেফতার করা হলেও, তাঁরা বর্তমানে জামিনে আছেন।






(১ম পাতার পর)

# শুভেন্দুর বিরুদ্ধে FIR করতে চেয়ে হাই কোর্টে রাজ্য

যা নিয়ে ইতিমধ্যে পুলিশের গৃহিণীরা প্রতিবাদও জানিয়েছে।যদিও বিচারপতি সেনগুপ্তের এজলাসে এই সংক্রান্ত মামলার শুনানির এক্তিয়ার আছে কিনা তা নিয়ে পালটা প্রশ্ন তুলেছেন শুভেন্দু অধিকারীর আইনজীবী।

এদিন মামলার শুনানিতে শুভেন্দু অধিকারীর আইনজীবী জানান, এই মামলা শোনার এক্তিয়ার এই মূহুর্তে এই আদালতের নেই। অন্যদিকে মামলা প্রসঙ্গে বিচারপতি জয় সেনগুপ্ত জানিয়েছেন, এক্ষেত্রে উপযুক্ত আদালত থেকে অনুমতি প্রয়োজন। আর তা না আনলে এহেন আবেদন শুনতে পারে না বলেও পর্যবেক্ষণে জানিয়েছেন বিচারপতি জয় সেনগুপ্ত। ফলে মামলা কোন দিকে গড়ায় এখন সেদিকেই নজর সবার। উল্লেখ্য, শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে নতুন এফআইআর করার ক্ষেত্রে কলকাতা হাইকোর্টের অনুমতি নেওয়ার প্রয়োজন। এই সংক্রান্ত একটি রক্ষাকবচ রয়েছে বিরোধী দলনেতার।

সেই অনুযায়ী এদিন নবান্ন অভিযানের ঘটনায় তাঁর বিরুদ্ধে এফআইআর করতে চেয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয় রাজ্য। বলে রাখা প্রয়োজন, অভয়াকে ধর্ষণ করে খুনের ঘটনায় কেটে গিয়েছে এক বছর। কিন্তু এখনও বিচার মেলেনি বলে অভিযোগ। এর প্রতিবাদেই ৯ আগস্ট নবান্ন অভিযানের ডাক দেন নির্যাতিতার বাবা-মা'য়ের। আর এই অভিযান ঘিরে একেবারে রণক্ষেত্র আকার নেয় কলকাতা। বিক্ষোভকারীদের হাতে আক্রান্ত হতে হয় একাধিক পুলিশ কর্মীকে। এমনকী ডিসি এসএসডি বিদিশা কলিতাকে খুনের চেষ্টার মামলাও দায়ের করা হয়েছে।

# গ্যাঁজানো খাবার ভারতের বিভিন্ন ধরনের মানুষের জন্য উপযুক্ত পুষ্টির প্রয়োজন মেটাতে পারে

**নয়াদিল্লি, ১৪ অগাস্ট, ২০২৫**

নির্দিষ্ট জনগোষ্ঠীর ওপর গ্যেঁজে যাওয়া খাবারের প্রভাব নিয়ে এক সমীক্ষায় দেখা গেছে, গ্যেঁজে যাওয়া খাবারে থাকা বায়োঅ্যাক্টিভ পেপটিডের প্রভাব জনগোষ্ঠী বিশেষে তফাৎ হয় এবং ভারতের বৈচিত্র্যময় জনগোষ্ঠীর জন্য তা প্রয়োজনীয় পুষ্টির সংস্থান করতে পারে।

গ্যেঁজে যাওয়া খাবার থেকে পাওয়া বায়োঅ্যাক্টিভ পেপটাইড সারা বিশ্বের দৃষ্টি আকর্ষণ করছে তার স্বাস্থ্যকর উপকারিতার জন্য। জৈব প্রযুক্তির উন্নতি এবং ব্যক্তির সঙ্গে ব্যক্তির পার্থক্য নিয়ে গভীর চিন্তা ভাবনা থেকে বোঝা গেছে বায়োঅ্যাক্টিভ পেপটাইড পুষ্টি এবং স্বাস্থ্যের ক্ষেত্রে বড় ভূমিকা নিতে পারে।

বিজ্ঞান ও প্রযুক্তি দফতরের অধীন স্বশাসিত সংস্থা গুয়াহাটির ইনস্টিটিউট অফ অ্যাডভান্সড স্টাডি ইন সায়েন্স অ্যান্ড টেকনোলজি (আইএএসএসটি)-র করা সাম্প্রতিক সমীক্ষায় জোর দেওয়া হয়েছে চিরাচরিত প্রথায় গ্যেঁজে যাওয়া খাবারের স্বাস্থ্যকর দিকের ওপর। দেখানো হয়েছে যে বায়োঅ্যাক্টিভ পেপটাইড অথবা শর্ট প্রোটিন অংশে ২ টি থেকে ২০ টি অ্যামাইনো অ্যাসিড থাকে যা রক্তচাপ, রক্তে শর্করা, রোগ প্রতিরোধের ক্ষমতা এবং প্রদাহ নিয়ন্ত্রণ করতে পারে।

অধ্যাপক আশিস কে মুখার্জীর নেতৃত্বে ডঃ মাল্যজ জয়রাজ ভট্টাচার্যি, ডঃ আশিস বালা ও ডঃ মজিবুর খানের করা সমীক্ষাটি প্রকাশিত হয়েছে ২০২৫-এর ফুড কেমিস্ট্রিতে। সেখানে বলা হয়েছে দই, ইডলি, মিশো, নাটটো, কিমচি এবং গ্যেঁজে যাওয়া মাছের মতো খাবারে এই ধরনের পেপটাইড থাকে প্রচুর পরিমাণে।

এই শর্ট পেপটাইডগুলি গ্যাঁজানোর সময় তৈরি হয়। সেগুলি ইলেক্ট্রোস্ট্যাটিক ফোর্স, হাইড্রোজেন বন্ডিং এবং হাইড্রোফবিক আদান প্রদানের মাধ্যমে জৈব কণার সঙ্গে সম্পর্ক তৈরি করে অ্যান্টি মাইক্রোবায়াল, অ্যান্টি হাইপারটেনসিভ, অ্যান্টি অক্সিড্যান্ট এবং ইমিউন-মডিউলেটরি প্রভাব ফেলে।

এতে হৃদযন্ত্রের ক্রিয়া, প্রতিরোধ ব্যবস্থা এবং মেটাবলিক হেলথে প্রভাব পড়ে। কিন্তু তা মানুষে মানুষে তফাৎ হয় খাদ্যাভাস, স্বাস্থ্যের পরিস্থিতি, বংশগতি ইত্যাদির জন্য। তাই বিভিন্ন ধরনের মানুষের জন্য নির্দিষ্ট স্বাস্থ্য পরিষেবা এবং সঠিক পুষ্টি জোগানোর প্রয়োজনীয়তার ওপর জোর দিচ্ছে এই তথ্য। সমীক্ষায় জনস্বাস্থ্য পরিষেবায় চিরাচরিত গ্যাঁজানো খাবারকে অন্তর্ভুক্ত করার ওপর জোর দেওয়া হয়েছে। ভারতকে নির্দিষ্ট ব্যক্তিকেন্দ্রিক পুষ্টির ক্ষেত্রে বিশ্ব নেতা হিসেবে পরিচিত করে তুলতে গ্রামীণ খাদ্যাভাস নিয়ে গবেষণা এবং উদ্ভাবনের ওপর জোর দেওয়া হয়েছে সমীক্ষায়।

# নতুন দিল্লিতে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের জনজাতির ৩০ জন ছাত্র-ছাত্রীর সঙ্গে কথা বললেন প্রতিরক্ষা মন্ত্রী

**নয়াদিল্লি, ১৪ অগাস্ট, ২০২৫**

প্রতিরক্ষা মন্ত্রী শ্রী রাজনাথ সিং ১৪ অগাস্ট ২০২৫-এ নতুন দিল্লির সাউথ ব্লকে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের জনজাতির ৩০ জন মেধাবী, উচ্চমাধ্যমিক পড়ুয়ার সঙ্গে কথা বললেন। প্রতিরক্ষা মন্ত্রীর সঙ্গে পড়ুয়াদের এই আলাপচারিতা আন্দামান ও নিকোবর কম্যান্ড আয়োজিত ৭ দিনের জাতীয় সংহতি ভ্রমণ আরোহণ : দ্বীপ থেকে দিল্লি-র অঙ্গ। এই ছাত্ররা ১৫ অগাস্ট ২০২৫-এ লালকেল্লায় স্বাধীনতা দিবস উদযাপনও প্রত্যক্ষ করবে।

আলাপচারিতার সময়ে প্রতিরক্ষা মন্ত্রী মানবিক মূল্যবোধের গুরুত্বে জোর দেন, বলেন একজন ব্যক্তির চরিত্র গঠনে এটাই সবচেয়ে গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য। তিনি পড়ুয়াদের মানবিক মূল্যবোধ বজায় রাখতে এবং পড়াশোনার পাশাপাশি চরিত্র গঠনেও সমান জোর দেওয়ার উপদেশ দেন।

শ্রী রাজনাথ সিং পড়ুয়াদের আত্মবিশ্বাস এবং সাহসিকতার সঙ্গে যেকোনও সমস্যার সম্মুখীন হওয়ার পরামর্শ দেন। আগামী দিনে ভারতকে অন্যতম শক্তিশালী দেশ হিসেবে গঠন করতে ছাত্র-ছাত্রীদের অবদান রাখতে উদ্বুদ্ধ করেন তিনি এবং তাদের ভবিষ্যৎ উদ্যোগের জন্য আশীর্বাদ করেন।

অত্যন্ত স্নেহের সঙ্গে প্রতিরক্ষা মন্ত্রী সফররত ছাত্র-ছাত্রীদের মিষ্টি খাওয়ান এবং বৈঠকের শেষে তাঁকে দ্বীপপুঞ্জের স্থানীয় জনজাতি শিল্পীদের চিরাচরিত হস্তশিল্পের নিদর্শন উপহার দেওয়া হয়। দিল্লির হেডকোয়ার্টার্স ইন্টিগ্রেটেড ডিফেন্স স্টাফ এবং আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের প্রশাসনিক সহায়তায় এএনসি-র এই অভিনব উদ্যোগের প্রশংসা করেন শ্রী রাজনাথ সিং। আলাপচারিতার সময় উপস্থিত ছিলেন চিফ অফ ডিফেন্স স্টাফ জেনারেল অনিল চৌহান এবং চিফ অফ ইন্টিগ্রেটেড ডিফেন্স স্টাফ এয়ার মার্শাল আশুতোষ দীক্ষিতও।

## সম্পাদকীয়

# ডায়মন্ড হারবারে ভুয়ো ভোটার বিতর্কে অভিষেকের জবাব

চব্বিশের লোকসভা নির্বাচন ডায়মন্ড হারবার থেকে ৭ লক্ষের বেশি ভোটে জিতেছেন তিনি। সেই ডায়মন্ড হারবার কেন্দ্রে ভোটার বৃদ্ধি নিয়ে প্রশ্ন তুলেছেন বিজেপি নেতা অনুরাগ ঠাকুর। ভুয়ো ভোটার ইস্যুতেও কটাক্ষ করেছেন। এবার তারই জবাব দিলেন ডায়মন্ড হারবারের সাংসদ তথা তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। এদিন অনুরাগকে জবাব দিয়ে অভিষেক বলেন, প্রয়োজনে তিনি আগামিকালই পদত্যাগ করতে প্রস্তুত। সেক্ষেত্রে সরকারকে লোকসভা ভেঙে দিয়ে ফের নির্বাচন করতে হবে। এই একই দাবি যাতে সব বিরোধী দল তোলে, সেই আবেদন তৃণমূলের তরফে ইন্ডিয়া জোটকে করেন অভিষেক। তাঁর প্রস্তাব, বিজেপির অভিযোগের প্রেক্ষিতে ইন্ডিয়া জোটের সাংসদরা পদত্যাগ করতে প্রস্তুত বলে প্রচার করুন।বিজেপিকে চ্যালেঞ্জ ছুড়ে দিয়ে তিনি বলেন, প্রয়োজনের আগামিকালই তিনি পদত্যাগ করতে প্রস্তুত। সেক্ষেত্রে সরকারকে লোকসভা ভেঙে দিয়ে ফের নির্বাচন করতে হবে।

বিহারে ভোটার তালিকা সংশোধনের জন্য নির্বাচন কমিশন স্পেশাল ইনটেনসিভ রিভিশন (SIR) করার পর থেকে সরব হয়েছে বিরোধীরা। বিহারে SIR-র পর খসড়া ভোটার তালিকা থেকে ৬৫ লক্ষের নাম বাদ গিয়েছে। বিরোধীদের অভিযোগ, বিজেপিকে জেতাতে নাম বাদ দেওয়া হচ্ছে। বিহারের পর নির্বাচন কমিশন বাংলায় SIR করতে পারে বলে জল্পনা শুরুর পর থেকেই সরব হয়েছে রাজ্যের শাসকদল। কয়েকদিন আগে অভিষেক হুঁশিয়ারি দিয়েছেন, "SIR-র নামে একজন ভোটারের নাম বাদ গেলে এক লক্ষ বাঙালিকে নিয়ে নির্বাচন কমিশনের অফিস ঘেরাও করব।"

এরপর গতকাল অনুরাগ ঠাকুর ডায়মন্ড হারবারের ভোটার বৃদ্ধি নিয়ে প্রশ্ন তোলেন। ২০১৪ সাল থেকে এই লোকসভা কেন্দ্রের সাংসদ অভিষেক। সেই লোকসভা কেন্দ্রে ভোটার বৃদ্ধি নিয়ে প্রশ্ন তুলে অনুরাগ বলেন, "ডায়মন্ড হারবারে ৩০১টি বুথে ১৫ শতাংশ ভোটার বৃদ্ধি হয়েছে গত ৪ বছরে। সব জায়গায় তৃণমূল জিতেছে। তাহলে কী ভুয়ো ভোটার দিয়েই আপনি ভোটে জিতছেন?"

# জঙ্গলের দেবী মা মনসা



মৃত্যুঞ্জয় সরদার
(কুড়িতম পর্ব)





করেন।কিন্তু শিব ও চণ্ডীর পরমভক্ত চাঁদ সদাগর তাঁর পূজা করতে অস্বীকার করেন।আজকের সমাজের কেউ যদি নিজেকে সত্য এবং মিথ্যার জায়গায় প্রতিষ্ঠা করতে চায়। এই সমাজের গণ্যমান্য ব্যক্তিরা সেটি অস্বীকার করে, অপমানিত, লাঞ্ছনা, গঞ্জনা সবকিছু সইতে হয় তাকে। তেমনি মনসা দেবীর পূজা পাওয়ার জন্য অপমানিত হতে হয়েছিল চাঁদ সওদাগরের কাছে।মানুষের যখন দেয়ালে পিঠ ঠেকে যায় ,সে তখন ঘুরে দাঁড়ায়। ঠিক তেমনি মনসা-দেবী দেয়ালে পিঠ ঠেকে গিয়ে

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# দেশভাগ বিভীষিকা স্মরণ দিবসে প্রধানমন্ত্রী দেশভাগের ফলে পীড়িতদের অনমনীয় দৃঢ়তা ও সহনশীলতার প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন

**নয়াদিল্লি, ১৪ আগষ্ট, ২০২৫**


প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ দেশভাগ বিভীষিকা স্মরণ দিবস পালন করেছেন। অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে তিনি ভারতের ইতিহাসের সবচেয়ে দুঃখের অধ্যায়ে অগণিত মানুষের জীবনে প্রভূত উথালপাতাল ও যন্ত্রণার কথা স্মরণ করেছেন।

দেশভাগের ফলে পীড়িতদের অনমনীয় দৃঢ়তা ও সহনশীলতার প্রতি আন্তরিক শ্রদ্ধা নিবেদন করেছেন প্রধানমন্ত্রী। সেইসব মানুষের অভাবনীয় ক্ষতির মুখোমুখি হওয়ার ক্ষমতা এবং পুনরায় তাদের জীবন গড়ে নেওয়ার শক্তিকে স্মরণ করিয়ে দিয়েছেন তিনি।

এক্স-এ একটি পোস্টে তিনি বলেছেন :

"ভারত দেশভাগ বিভীষিকা দিবস স্মরণ করছে। আমাদের ইতিহাসে করুণতম অধ্যায়ে অগণিত মানুষের জীবনের উত্থানপতন এবং যন্ত্রণা সহ্য করার ক্ষমতা স্মরণ করা হচ্ছে। এই দিনটি তাদের অনমনীয় দৃঢ়তা এবং অবর্ণনীয় ক্ষতির মুখোমুখি হওয়ার ক্ষমতা ও নতুন করে জীবন শুরু করার শক্তিকে সম্মান জানানোরও দিন। পীড়িতদের অনেকেই নতুন করে জীবন গড়ে নিয়েছেন এবং উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছেন। আমাদের দেশকে যে মৈত্রীর বন্ধন বেঁধে রেখেছে তাকে শক্তিশালী করতে আমাদের দায়িত্বকে স্মরণ করিয়ে দেওয়ারও এই দিন।"

# বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি





-: মৃত্যুঞ্জয় সরদার :-

কিন্তু এমনও হতে পারে যে বাংলায় ডাকিনীবিদ্যা জনপ্রিয় হওয়ার পরে সেটি বাঙালি জ্ঞানীদের দ্বারা বাহিত হয়ে তিব্বতে গেছে এবং এই অর্থ উৎপন্ন হয়েছে।

ক্রমশঃ


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# কন্যাশ্রী দিবসে বাংলা ভাষার পক্ষে সওয়াল করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়

**বেবি চক্রবর্ত্তী: কলকাতা**



কন্যাশ্রী দ্বাদশ বর্ষ উদযাপনের অনুষ্ঠান মঞ্চে দাঁড়িয়েও বাংলা ভাষার পক্ষে সওয়াল করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আলিপুর ধনধান্য স্টেডিয়ামে দর্শকের আসনে বসে থাকা ছাত্রীদের উদ্দেশে বললেন, সব ভাষাই শিখতে হবে। তা জীবন এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে। কিন্তু বাংলা ভাষা, নিজের মাতৃভাষাকে ভুললে চলবে না।রাত পোহালেই স্বাধীনতা দিবস। সে নিয়ে কথা বলতে গিয়েই এই প্রসঙ্গ উঠে আসে মুখ্যমন্ত্রীর কথায়। তিনি বলেন, "প্রয়োজনে ইংরাজি ভাষা দরকার, কিন্তু মাতৃভাষা বাংলাকে কখনও ভুলবেন না। অনেকে ভেদাভেদ করে কিন্তু ভেবে দেখেছেন স্বাধীনতা আন্দোলনে রবীন্দ্রনাথ-নজরুল যখন গান গেয়েছিলেন, কোনও ভেদাভেদ ছিল না।দেশ যেদিন স্বাধীন হচ্ছে, সেদিন গান্ধীজীও বাংলায় ছিলেন, বেলাঘাটায় গান্ধী আশ্রমে।" আর তারপরই বলেন, "সেদিন যাঁরা এক কাপড়ে সব ফেলে চলে এসেছিলেন, তাঁরা তো দেশের নাগরিক হিসাবে গণ্য হয়েছেন। কিন্তু যাঁরা দেশের নাগরিক নন, বিদেশি, তাঁদের বিরুদ্ধে ভারত সরকার ব্যবস্থা নিক, আমার বলার নেই। কিন্তু অযথা হেনস্থা করা ঠিক নয়।" রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, তাহলে কি মুখ্যমন্ত্রী '৭১ এর পরে ভারতে আসা বাংলাদেশিদের নিশানা করলেন? বাংলার SIR আবহে এহেন মন্তব্য যথেষ্টই গুরুত্বপূর্ণ, বলছেন বিশেষজ্ঞরাই।

উদাহরণ দিতে গিয়ে তিনি বলেন, "আমি গত পরশু দিনই দেখলাম, নয়ডাতে এক ব্যক্তি তাঁর সন্তানকে নিয়ে একটি হোটেলে উঠতে চেয়েছিলেন। কিন্তু তিনি বাংলায় কথা বলেছিলেন বলে হোটেলের রুম ভাড়া দেওয়া হয়নি।" সাম্প্রতিক রাজনৈতিক প্রেক্ষাপটে 'বাংলা ভাষা' অত্যন্ত তাৎপর্যপূর্ণ হয়ে উঠেছে। ভিন রাজ্যে বাংলা ভাষায় কথা বলার জন্য পরিযায়ী শ্রমিকদের হেনস্থারও শিকার হতে হচ্ছে বলে একাধিক অভিযোগ উঠছে। তা নিয়ে সংসদেও ঝড় তুলেছে তৃণমূল। মুখ্যমন্ত্রী বলেন, "এই প্রকল্পের ১৭ হাজার কোটি টাকা খরচ করেছি ইতিমধ্যেই। আগে কন্যাশ্রী ছিল স্কুলে। এখন কলেজে কন্যাশ্রী ২, বিশ্ববিদ্যালয়ে কন্যাশ্রী ৩ পান।পরিসংখ্যান দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, "২০১১-১২ সালে মেয়েদের ড্রপ আউট শতাংশ ছিল প্রায় পৌনে পাঁচ পার্সেন্ট। আজকে হয়েছে শূন্য। সেকেন্ডারিতে ২০১১-১২ সালে ড্রপ আউট ছিল ১৬.৩২, এখন ২.৯ শতাংশ।

# এখনও আটকে ১০০ দিনের কাজের টাকা, হাই কোর্টে রাজ্য



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

রাজ্যে সাড়ে তিন বছর ধরে বন্ধ থাকা ১০০ দিনের কাজ (মহাত্মা গান্ধীর রুরাল এমপ্লয়মেন্ট প্রকল্প) চালু করতে গত জুন মাসে নির্দেশ দিয়েছিল কলকাতা হাই কোর্ট। এর জন্য সময়ও বেঁধে দিয়েছিল আদালত। হাই কোর্টের প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম ও বিচারপতি চৈতালী চট্টোপাধ্যায় দাসের ডিভিশন বেঞ্চের নির্দেশ ছিল, যেকোনও শর্তে আগামী ১ অগস্ট থেকে এই প্রকল্প চালু করতে হবে।প্রসঙ্গত, ১০০ দিনের প্রকল্পের পরিষেবা যাতে গোটা রাজ্যের মানুষের কাছে পৌঁছয়, সেই দিকে বিশেষ ভাবে লক্ষ্য রাখতে নির্দেশ দিয়েছিল আদালত। আদালতের পর্যবেক্ষণে প্রধান বিচারপতির জানান, কোন কেন্দ্রীয় প্রকল্পকে অনন্তকালের জন্য ঠান্ডা ঘরে পাঠিয়ে দেওয়া যায় না। প্রধান বিচারপতি এও জানান, সত্যিই দুর্নীতি হয়ে থাকে তাহলে তা রোধে যে কোন ধরনের শর্ত আরোপ করতে পারবে কেন্দ্র। চাইলে শুধুমাত্র পশ্চিমবঙ্গের জন্য বিশেষ শর্ত আরোপ করতে পারবে কেন্দ্র। এর জন্য কেন্দ্রের সংশ্লিষ্ট মন্ত্রক যেকোনও ধরনের নিয়ম তৈরি করতে পারবে বলেও জানিয়েছে আদালত। প্রধান বিচারপতির মতে, কেন্দ্র চাইলে কেন্দ্রীয় পোর্টালের মাধ্যমের সরাসরি নির্দিষ্ট ব্যক্তির অ্যাকাউন্টেও টাকা পাঠাতে পারবে। ডিভিশন বেঞ্চ এ-ও স্পষ্ট করেছে, দুর্নীতি রোধে প্রয়োজনীয় নজরদারির পাশাপাশি রাজ্যের সব জেলাতেই তদন্ত চালিয়ে যেতে পারবে কেন্দ্র।কিন্তু অভিযোগ, নির্ধারিত সময় পেরোলেও এপর্যন্ত প্রাপ্য বকেয়া পাননি বঞ্চিত দিন মজুররা। এনিয়ে ১০০ দিনের প্রকল্পের বকেয়া টাকা চেয়ে ফের কলকাতা হাই কোর্টে আবেদন জানাল রাজ্য।

হাই কোর্ট সূত্রে জানা গিয়েছে, এনিয়ে হাই কোর্টের বিচারাধীন পুরনো মামলায় নতুন করে বৃহস্পতিবার কেন্দ্রের কাছ থেকে প্রাপ্য টাকা চেয়ে হাই কোর্টে আবেদন জানিয়েছে রাজ্য। আদালতে রাজ্যের আবেদন, গত ২০২২ সালের মার্চ থেকে বকেয়া রয়েছে একশো দিনের কাজের টাকা। রাজ্যের প্রাপ্য টাকা দেওয়ার জন্য কেন্দ্রকে নির্দেশ দিক আদালত। বকেয়া বাবদ কেন্দ্রের কাছে ৪৫৬৩ কোটি টাকা চেয়ে আবেদন জানানো হয়েছে রাজ্যের তরফে।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line - 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সন্ধ্যা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# পাকিস্তানকে কড়া হুঁশিয়ারি ভারতের

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আমেরিকার মাটি থেকে সরাসরি ভারতের বিরুদ্ধে পরমাণু যুদ্ধের হুঁশিয়ারি দিয়েছিলেন পাকিস্তানের সেনাপ্রধান আসিম মুনির। সেদেশের প্রাক্তন বিদেশমন্ত্রী বিলাওয়াল ভুট্টোও হুমকি দিয়েছিলেন যুদ্ধের। এবার তার জবাব দিল ভারত। জানিয়ে দিল, কোনও ধরনের দুরভিসন্ধি আচরণ করলেই যন্ত্রণাময় পরিণতি ভুগতে হবে পাকিস্তানকে।



প্রসঙ্গত, ২২ এপ্রিল পহেলগাঁওয়ে ২৬ নিরস্ত্রকে হত্যা করে লস্করের ছায়া সংগঠন টিআরএফের চার জঙ্গি। তাদের পথ দেখিয়ে নিয়ে যায় কাশ্মীরের স্থানীয় এক জঙ্গি। এই হামলার জবাবে ৭ মে ভোর-রাতে অপারেশন চালায় ভারত। গুঁড়িয়ে দেওয়া হয় পাকিস্তান ও পাক অধিকৃত কাশ্মীরের নয়টি জঙ্গিঘাঁটি। এরপর ভারতের সীমান্তবর্তী রাজ্যগুলির জনবহুল এলাকা এবং সেনাঘাঁটিকে লক্ষ্য করে হামলা চালায় পাকিস্তান। সেই হামলা প্রতিহত করার পাশাপাশি প্রত্যাঘাত করে ভারত। তাতেই তছনছ হয়ে যায় পাকিস্তানের অন্তত ১১টি একধিক বায়ু সেনাঘাঁটি। ভারতীয় সেনার অভিযানে নিহত হয় ১০০ জনের বেশি জঙ্গি ও ৩৫-৪০ জন পাক সেনা। শেষ পর্যন্ত ইসলামাবাদের আর্জিতে সংঘর্ষবিরতিতে রাজি হয় নয়াদিল্লি।সাপ্তাহিক সাংবাদিক সম্মেলনে বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন, ”পাকিস্তানের উচিত তাদের বক্তব্য সংযত করা। কারণ যেকোনো দুরভিসন্ধি আচরণের পরিণতি বেদনাদায়ক হবে, যেমনটি সম্প্রতি হয়েছে।” সম্প্রতি ফ্লোরিডার ট্যাম্পায় শিল্পপতি আদনান আসাদের নৈশভোজে গিয়ে পাক সেনাপ্রধান বলেন, ''আমরা পরমাণু শক্তিধর দেশ। যদি মনে হয় আমরা ধ্বংসের পথে এগোচ্ছি, তবে অর্ধেক বিশ্বকে সঙ্গে নিয়ে আমরা ধ্বংস হব।'' ভারতের নাম না করলেও এই হুঁশিয়ারি ভারতকেই দিয়েছেন মুনির, এমনটাই মত বিশ্লেষকদের।

এদিকে পাকিস্তানের পার্লামেন্টে ভাষণ দিতে গিয়ে প্রাক্তন পাক বিদেশমন্ত্রী তথা পাকিস্তান পিপলস পার্টির প্রধান বিলাওয়াল ভুট্টো জারদারি সম্প্রতি বলেছিলেন, "ভারতের সিন্ধু জলচুক্তি স্থগিতের সিদ্ধান্ত বেআইনি। অবিলম্বে এই চুক্তি পুনর্বহাল করতে হবে। যদি নয়াদিল্লি তা না করে, তাহলে পাকিস্তান সিন্ধু-সহ ছ'টি নদীর জল ছিনিয়ে আনবে। সেক্ষেত্র যদি যুদ্ধে যেতে হয়, ইসলামাবাদ তার জন্যও প্রস্তুত।" অবশেষে এর জবাব দিল নয়াদিল্লি।

## ২০২৫-এর স্বাধীনতা দিবস উপলক্ষে সাহসিকতা ও সেবার জন্য পদক পাচ্ছেন পুলিশ, হোমগার্ড, সিভিল ডিফেন্স এবং সংশোধনাগার পরিষেবার ১০৯০ জন কর্মী

**নয়াদিল্লি, ১৪ অগাস্ট, ২০২৫**

২০২৫-এর স্বাধীনতা দিবস উপলক্ষে সাহসিকতা ও সেবার জন্য পদক পাচ্ছেন পুলিশ, হোমগার্ড, সিভিল ডিফেন্স এবং সংশোধনাগার পরিষেবার ১০৯০ জন কর্মী।

২৩৩ জন পাচ্ছেন মেডেল ফর গ্যালান্ট্রি, ৯৯ জন পাচ্ছেন প্রেসিডেন্টস মেডেল ফর ডিস্টিংগুইশড সার্ভিস এবং ১৫৮ জন মেডেল ফর মেরিটোরিয়াস সার্ভিস। মেডেল ফর গ্যালান্ট্রি প্রাপ্ত ২৩৩ জনের মধ্যে ২২৬ জন পুলিশ কর্মী, ৬ জন দমকল কর্মী এবং একজন হোমগার্ড এবং সিভিল ডিফেন্সের। রাষ্ট্রপতি সেবা পদক প্রাপক ৯৯ জনের মধ্যে ৮৯ জন পুলিশ, ৫ জন দমকল কর্মী, ৩ জন সিভিল ডিফেন্স ও হোমগার্ড এবং ২ জন সংশোধনাগার পরিষেবা কর্মী। উল্লেখযোগ্য সেবা কাজের জন্য ৭৫৮ জন পদক প্রাপকদের মধ্যে ৬৩৫ জন পুলিশ, ৫১ জন দমকল, ৪১ জন সিভিল ডিফেন্স ও হোমগার্ড এবং ৩১ জন সংশোধনাগার পরিষেবা কর্মী।

# মদ-জুয়ার আসর থেকে গ্রেপ্তার নেতা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**হুগলি:** প্রকাশ্যে বাজার এলাকায় মদ-জুয়ার আসর। বুধবার রাতে বিশেষ অভিযান চালিয়ে ৯ জনকে গ্রেপ্তার করল পুলিশ। ধৃতদের মধ্যে একজন তৃণমূল নেতা। নাম শংকর ঘোষ। তিনি উত্তরপাড়া-কোতরাং পুরসভার ২১ নম্বর ওয়ার্ডের সক্রিয় তৃণমূল কর্মী বলে পরিচিত। এনিয়ে স্থানীয় তৃণমূল নেতৃত্বের সাফ কথা, মমতা বন্দ্যোপাধ্যায় এবং অভিষেক বন্দ্যোপাধ্যায় এই ধরনের কার্যকলাপে 'জিরো টলারেন্স' নীতিতে দল চালান।বলে রাখা প্রয়োজন, গ্রেপ্তার হওয়ার পরেই তৃণমূল কর্মী শংকর নস্করের সঙ্গে উত্তরপাড়া-কোতরাং পুরপ্রধান দিলীপ যাদব এবং কাউন্সিলার তথা যুব তৃণমূল নেতা অর্ণব রায়ের একাধিক ছবি ইতিমধ্যেই সমাজমাধ্যমে ভাইরাল হয়েছে। ব্যক্তিগতভাবে কেউ কোনও অসামাজিক কাজে সঙ্গে যুক্ত হলে সেই দায়িত্ব দল নেবে না।

জানা যায়, গোপন সূত্রে খবর পেয়ে বুধবার রাতে রঘুনাথপুর বাজার এলাকায় মদ জুয়ার আসরে হানা দেয় পুলিশ। একেবারে হাতেনাতে গ্রেপ্তার করা হয় ৯ জনকে। পুলিশ সূত্রে জানা যায়, ওই আসরেই ছিলেন অভিযুক্ত শংকর। তাঁকেও গ্রেপ্তার করা হয়। এর আগেও তাঁর বিরুদ্ধে একাধিক অভিযোগ উঠেছে। জমি কেনাবেচা সংক্রান্ত একাধিক অভিযোগ রয়েছে। কিন্তু এরপরেও কেন ব্যবস্থা নেওয়া হয়নি তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। এ বিষয়ে উত্তরপাড়া-কোতরাং পুরসভার ভাইস চেয়ারম্যান খোকন মণ্ডল জানিয়েছেন, ”কেউ ব্যক্তিগতভাবে কোনও অসামাজিক কাজের সঙ্গে যুক্ত হলে দল তার দায়িত্ব নেবে না।” এক্ষেত্রে দল যে জিরো টলারেন্স নীতিতে বিশ্বাসী তা স্পষ্ট জানিয়ে দিয়েছেন।

তৃণমূল নেতা খোকন মণ্ডল বলেন, ”দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং অভিষেক বন্দ্যোপাধ্যায় জিরো টলারেন্স নীতিতেই দল চালান। আইন অনুযায়ী কড়া পদক্ষেপ করা হবে।” তবে তাঁর কথায়, বহু মানুষ তৃণমূলে আসেন আবার তাদের স্বার্থ চরিতার্থ না হলে চলেও যান। এদিকে, এই ইস্যুতে শাসকদলকে আক্রমণ শানিয়েছে বিজেপি। দলের হুগলির শ্রীরামপুর সাংগঠনিক জেলার সম্পাদক ইন্দ্রনীল দত্ত বলেন, ”যাদব পরিবারের সমর্থন ছাড়া উত্তরপাড়া বিধানসভায় কোনও অপরাধমূলক কার্যকলাপ সম্পন্ন হয় না।” তাঁর অভিযোগ, এই সমস্ত দুষ্কৃতীদেরই ভোট লুটে কাজে লাগায় তৃণমূল। তবে আগামিদিনে মানুষ এর জবাব দেবে বলেই দাবি বিজেপি নেতার।

# সিনেমার খবর

## শাহরুখকে ফিফা প্রেসিডেন্টের শুভেচ্ছা

স্টাফ রিপোর্টার, রোজদিন

ভারতের জাতীয় চলচ্চিত্র পুরস্কার পাওয়ায় শাহরুখ খানকে শুভেচ্ছা জানিয়েছেন বিশ্ব ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা ফিফার প্রেসিডেন্ট জিয়ান্নি ইনফান্তিনো। সামাজিক মাধ্যম ইনস্টাগ্রামে শাহরুখ খানের সঙ্গে একটি ছবি পোস্ট করে শুভেচ্ছা জানান তিনি।

সেখানে ফিফা প্রেসিডেন্ট লিখেছেন, ভারতীয় চলচ্চিত্র জওয়ানের জন্য ৭১তম জাতীয় চলচ্চিত্র পুরস্কার পাওয়ায় অভিনন্দন শাহরুখ খান।

ইনস্টাগ্রামে যে ছবিটি পোস্ট করেছেন সেটি নিয়ে তিনি বলেন, কিছুদিন আগে চলচ্চিত্র মুক্তি অনুষ্ঠানের পরে তোলা ছবি এটি। এটা খুবই আনন্দদায়ক সাক্ষাৎ ছিল।

তিন দশকেরও বেশি সময় ধরে মানুষের মনোরঞ্জন এবং মুখে হাসি ফোটানোর জন্য আপনি যা করছেন তার জন্য আমি কৃতজ্ঞ।

এই পোস্টে প্রায় সোয়া লাখ প্রতিক্রিয়া দিয়েছেন ইনফান্তিনোর অনুসারীরা।



বলিউডে তিন দশকের বেশি সময় ধরে রাজত্ব করলেও কখনো ভারতের জাতীয় চলচ্চিত্র পুরস্কার পাননি শাহরুখ খান। বিশ্বজুড়ে অনেক পুরস্কার ও সম্মাননা পেলেও জাতীয় চলচ্চিত্র পুরস্কার ছিল অধরা।

এবার প্রথমবারের মতো এ পুরস্কার পেতে যাচ্ছেন। বিনোদনভিত্তিক সংবাদমাধ্যম পিংকভিলা জানিয়েছে, ২০২৩ সালে মুক্তি পাওয়া শাহরুখের ব্লকবাস্টার সিনেমা 'জওয়ান'-এর জন্য শ্রেষ্ঠ অভিনেতার পুরস্কার পাচ্ছেন তিনি।

পুরস্কার ঘোষণার পর শাহরুখ খান তার প্রতিক্রিয়া জানিয়ে সামাজিক মাধ্যমে একটি আবেগঘন ভিডিও বার্তা শেয়ার করেন। যেখানে তিনি কৃতজ্ঞতা জানান তার ভক্ত, সিনেমার পুরো টিম, পরিবার এবং সহকর্মীদের প্রতি।

তিনি বলেন, আমি কৃতজ্ঞতা, গর্ব ও বিনয়ের সঙ্গে এই সম্মান গ্রহণ করছি। জাতীয় পুরস্কারে ভূষিত হওয়ার এ মুহূর্ত আমি সারাজীবন মনে রাখব। জুরি বোর্ড, চেয়ারম্যান, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং যারা মনে করেছেন, আমি এই সম্মানের যোগ্য সবাইকে অসংখ্য ধন্যবাদ।

## বাংলা ভাষা ছিল, আছে, থাকবে: প্রসেনজিৎ

স্টাফ রিপোর্টার, রোজদিন

কলকাতার টলিউডের সুপারস্টার প্রসেনজিৎ চট্টোপাধ্যায় মুম্বাইয়ে 'মালিক' ছবির সাংবাদিক সম্মেলনে একটি অনভিপ্রেত বিতর্কের মুখে পড়ে বিতর্কিত মন্তব্য করেছিলেন 'এখানে বাংলায় প্রশ্ন করার কী প্রয়োজন?' ওই ঘটনার পর সমালোচনার শিকার হন তিনি।

কিন্তু এই আলোচনা থেমে যায়নি। সোমবার (৪ আগস্ট) এক অনুষ্ঠানে গিয়ে করে পুরো মনোভাব পাল্টায় মহারথী অভিনেতা। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বাংলা ভাষা রক্ষার আন্দোলনের সঙ্গে নিজেকে একাত্ম মনে করে সুর মিলিয়েছেন তিনি। সৌজন্যে তুলে ধরলেন ভাষার প্রতি আস্থাভর ও



ঐক্যবদ্ধ প্রতিশ্রুতি।

তিনি বলেন,'ভাষা নিয়ে অনেক কথা হচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী একটি বার্তা দিয়েছেন বাংলা ভাষা ছিল, আছে, থাকবে। তার জন্য যে কোনো লড়াই করতেই হবে, সেই লড়াই করব।'

বাংলা ভাষাকে কেন্দ্র করে দেশের রাজনীতিতে যখন তৃণমূল ও বিজেপির মধ্যে উত্তেজনা তুঙ্গে, পরিযায়ী শ্রমিকদের ভাষার কারণে হেনস্তার উদাহরণ সামনে এল সেটি নিয়েও সরব হন প্রসেনজিৎ।

## ২৫ বছর পর 'লগান'র সেই গ্রামে আমির খান



স্টাফ রিপোর্টার, রোজদিন

গুজরাটের ভুজ এলাকায় যেখানে আমির খান তার জনপ্রিয় সিনেমা 'লগান'-এর শুটিং করেছিলেন, ২৫ বছর পর আবারও সেখানে গেলেন তিনি। তবে এবার নতুন কোনো সিনেমার কাজে নয়, নিজের সদ্য মুক্তিপ্রাপ্ত ছবি 'সিতারে জমিন পর'-এর একটি বিশেষ প্রদর্শনীর আয়োজনেই সেখানে যান আমির। 'সিতারে জমিন পর' ছবির এই স্পেশাল প্রদর্শনীর জন্য গুজরাটের ভুজ এলাকার কুনারিয়া গ্রামকে বেছে নেওয়ার একটাই উদ্দেশ্য ছিল। তা হলো প্রত্যন্ত অঞ্চলের মানুষের কাছে এই সিনেমা পৌঁছে দেওয়া। গ্রামটির একটি খোলা মাঠে সিনেমাটি দেখানো হয়। গ্রামবাসীর সঙ্গে মাটিতে বসে পুরো ছবি উপভোগ করেন আমির খান নিজেও।

এই প্রদর্শনী নিয়ে আমির খান বলেন, 'আজ 'লগান'র সময়কার অনেক কিছু মনে পড়ে যাচ্ছে। আমি সত্যিই চাই 'সিতারে জমিন পর' ভারতের প্রতিটি অঞ্চলে পৌঁছাক, বিশেষ করে যেখানে সিনেমা দেখার সুযোগ খুব কম।'

প্রদর্শনীর সময় আমির স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলেন, গ্রামের নানা জায়গাও ঘুরে দেখেন। কুনারিয়া গ্রামে এই প্রথম কোনো সিনেমার আনুষ্ঠানিক প্রদর্শনী হওয়ায় স্থানীয় বাসিন্দাদের মধ্যেও ছিল আলাদা উচ্ছ্বাস।

'সিতারে জমিন পর' মুক্তি পেয়েছে গত ২১ জুন। পরিচালনা করেছেন এস প্রসন্ন। ছবিতে আমির খান অভিনয় করেছেন এক বাস্কেটবল কোচের চরিত্রে, যিনি বিশেষ চাহিদাসম্পন্ন কিশোরদের নিয়ে একটি দল গঠন করে প্রতিযোগিতায় নামেন। ছবিতে আরও আছেন জেনেলিয়া।

# নিকোর চেয়ে রাশফোর্ড অনেক ভালো : সাবেক বার্সা প্রেসিডেন্ট

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

লেফট উইংয়ের দুর্বলতা কাটাতে নিকো উইলিয়ামসকে পেতে কী না করেছে বার্সেলোনা। লামিন ইয়ামাল ও পেদ্রিদের সঙ্গে বার্সার জার্সিতে খেলতে আগ্রহী ছিলেন নিকোও। কিন্তু শেষপর্যন্ত সবাইকে চমকে দিয়ে শেষ মুহূর্তে অ্যাথলেটিক বিলবাওয়ের সঙ্গে চুক্তি করেন এই স্প্যানিশ ফরোয়ার্ড। এতে করে মার্কাস রাশফোর্ডকে দলে ভেড়ায় বার্সা।

গত তিন দশকে বার্সায় নাম লেখানো প্রথম কোনো ইংলিশ ফুটবলার রাশফোর্ড। কাতালান জার্সিতে ইংল্যান্ডের ফুটবলার হিসেবে তার আগে খেলে গেছেন গ্যারি লিনেকার। ১৯৮৬ থেকে ১৯৮৯ সাল পর্যন্ত ব্লু গ্রানা জার্সি গায়ে মাঠ মাতিয়েছেন এই কিংবদন্তি।




ম্যানচেস্টার ইউনাইটেড থেকে ধারে বার্সেলোনায় এসেছেন রাশফোর্ড। দুই পক্ষের মাঝে এক মৌসুমের জন্য চুক্তি হয়েছে। মৌসুম শেষে রাশফোর্ড পারফরম্যান্সে সন্তুষ্ট করতে পারলে স্থায়ী চুক্তি হতে পারে। সেজন্য বার্সেলোনার খরচ করতে হবে ৩৫ মিলিয়ন ইউরো। তবে রাশফোর্ডকে দলে নেওয়ার আগে বার্সেলোনার টার্গেট ছিল অ্যাথলেটিক বিলবাওয়ের নিকো উইলিয়ামস।

স্প্যানিশ তারকা নিকোর পারফরম্যান্সে কাতালান ক্লাবটি মুগ্ধ ছিল। বিশেষ করে ইউরোতে গোল কিংবা অ্যাসিস্ট; দুই জায়গাতেই সমানতালে অবদান রেখে সবাইকে মুগ্ধ করেছিলেন তিনি। লামিনে ইয়ামালের সঙ্গে তার রসায়ন ছিল চোখে পড়ার মতো।

নিকোর জন্য বিলবাওয়ের রিলিজ ক্লজ ৫৮ মিলিয়ন ইউরো পরিশোধ করতেও রাজি ছিল বার্সা। এ নিয়ে দু'পক্ষের মধ্যে বিস্তর আলোচনা হয়। আলোচনার মাঝপথে হুট করেই বিলবাওয়ের সঙ্গে ৮ বছরের লম্বা চুক্তি করে ফেলেন ২২ বছর বয়সী এ ফুটবলার।

এই বাঁকবদলের দায় নিকোর ভাই ইনাকি উইলিয়ামস দিয়েছেন বার্সার ওপর। দিন দুয়েক আগে তিনি বলেছিলেন, বার্সা বিলবাও ও তার ভাই নিকোর ওপর চাপ তৈরি করতে চেয়েছিল। ইনাকির এই বক্তব্যের পরিপ্রেক্ষিতে বার্সেলোনার সাবেক প্রেসিডেন্ট হুয়ান গ্যাসপোর্ট টেনে এনেছেন অতীত ইতিহাস। সেই সঙ্গে রাশফোর্ডকে নিকোর চেয়ে ভালো বলেও মন্তব্য করেছেন তিনি।

গ্যাসপোর্ট ২০০০ সাল থেকে তিন বছর বার্সেলোনার প্রেসিডেন্ট ছিলেন। তিনি বলেন, প্রথমত, নিকোর চেয়ে রাশফোর্ড অনেক ভালো। ইনাকি (নিকোর ভাই) কী বলছে, তাতে আমার কিছু যায় আসে না। আমি বিলবাও থেকে অনেক খেলোয়াড় কিনেছি। এগুলো অতীত। এখন তাদের ক্ষোভের কারণ জানি না।

## ৫ বছরের ব্যর্থ অধ্যায় শেষে রিয়াল ছাড়ছেন রেইনিয়ার



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

পাঁচ বছরের অপ্রাপ্তি ও ব্যর্থতার অধ্যায় শেষে রিয়াল মাদ্রিদ ছাড়ছেন ব্রাজিলিয়ান মিডফিল্ডার রেইনিয়ার জেসুস। ইউরোপের হতাশাজনক ক্যারিয়ার পেছনে ফেলে তিনি যোগ দিচ্ছেন নিজ দেশের ক্লাব অ্যাতলেতিকো মিনেইরোতে। সাড়ে চার বছরের চুক্তিতে ২০৩০ সাল পর্যন্ত ক্লাবটির হয়ে খেলবেন তিনি।

২০২০ সালে ব্রাজিলের ফ্লামেঙ্গো থেকে ৩০ মিলিয়ন ইউরো ট্রান্সফার ফিতে রিয়াল মাদ্রিদে যোগ দেন রেইনিয়ার। তবে প্রত্যাশিত পারফরম্যান্স দেখাতে ব্যর্থ হওয়ায় সিনিয়র দলে এক মিনিটও মাঠে নামার সুযোগ পাননি। বরং ধার হিসেবে খেলেছেন জার্মানির বরুশিয়া ডর্টমুন্ড, স্পেনের জিরোনা ও গ্রানাডা এবং ইতালির ফ্রোসিনোনের হয়ে।

রিয়াল মাদ্রিদ রেইনিয়ারের ভবিষ্যত বিক্রি থেকে ৫০ শতাংশ লাভের অংশীদার হবে।

উল্লেখযোগ্যভাবে, রেইনিয়ার ২০২০ টোকিও অলিম্পিকে ব্রাজিলের হয়ে স্বর্ণপদক জিতেছিলেন এবং ২০২১ সালে ডর্টমুন্ডের সঙ্গে ডিএফবি-পোকাল শিরোপাও জয় করেন।

এই সপ্তাহেই তাকে আনুষ্ঠানিকভাবে মিনেইরোর খেলোয়াড় হিসেবে ঘোষণা করা হতে পারে। সম্ভাবনা আছে, বুধবার তার পুরনো ক্লাব ফ্লামেঙ্গোর বিপক্ষে অথবা রবিবার ভাস্কো দা গামার বিপক্ষে হতে পারে তার অভিষেক ম্যাচ।


## তিন ক্লাবের প্রস্তাব ফিরিয়ে দিলেন অ্যান্টনি

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ম্যানচেস্টার ইউনাইটেডে ভবিষ্যৎ অনিশ্চিত হলেও এখনই ক্লাব ছাড়তে নারাজ ব্রাজিলিয়ান উইঙ্গার অ্যান্টনি। চলতি গ্রীষ্মে ইতোমধ্যে তিনটি ক্লাবের প্রস্তাব ফিরিয়ে দিয়েছেন তিনি। স্প্যানিশ ক্লাব রিয়াল বেতিসে ফেরার আশা নিয়েই অপেক্ষায় আছেন এই ২৫ বছর বয়সী ফুটবলার।

ম্যানচেস্টার ইউনাইটেড গ্রীষ্মকালীন দলবদলের শুরু থেকেই অ্যান্টনিকে বিক্রি করার চেষ্টা করছে। তবে ধারে ছাড়তে রাজি নয় ক্লাবটি। তার জন্য অন্তত ৩০ মিলিয়ন পাউন্ড ট্রান্সফার ফি চাচ্ছে ইউনাইটেড, যা ২০২২ সালে আয়াক্স থেকে আনা ৮৬ মিলিয়ন পাউন্ডের তুলনায় প্রায় ৬৫ শতাংশ কম।

এই পরিস্থিতিতে ব্রাজিলের বোতাফোগো ও সাও পাওলো, এমনকি সৌদি আরবের ক্লাব



আল-নাসরের প্রস্তাবও নাকচ করে দিয়েছেন অ্যান্টনি। স্প্যানিশ সংবাদমাধ্যম স্পোর্ট জানিয়েছে, তিনি কেবল ম্যানুয়েল পেলেগ্রিনির কোচিংয়ে বেতিসেই ফিরতে চান। বেতনে বড় কাটছাঁটের ব্যাপারেও রাজি আছেন তিনি। প্রয়োজনে বছরে ৪ মিলিয়ন পাউন্ড পর্যন্ত কম নিতেও রাজি।

ম্যানইউ কোচ রুবেন আমোরিম এ প্রসঙ্গে বলেন, 'যারা ক্লাবে থাকতে চায় না, তাদের জন্য আমরা বিকল্প পথ খুঁজছি। তবে দল গোছানোর পর সবাইকে সমানভাবে বিবেচনা করা হবে।'

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR